

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
বন্দর, চট্টগ্রাম।

www.nmi.gov.bd

নং-১৮.১৯.০০০০.০০১.১১.০০১.২২-২১৬

তারিখ : ০৫/০৩/২০২৬খ্রি,


নিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামের নিম্নবর্ণিত অস্থায়ী শূন্য পদের বিপরীতে সরাসরি জনবল নিয়োগের জন্য উল্লেখিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্র/নং	পদের নাম	পদের গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	ওয়ার্কশপ ফোরম্যান	গ্রেড নং-১২, স্কেল= ১১৩০০-২৭৩০০/-	০১টি	কোন স্বীকৃত পলিটেকনিক ইন্সটিটিউট হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রী।
২।	ফায়ার ফাইটিং সহকারী	গ্রেড নং-১৪, স্কেল= ১০,২০০-২৪,৬৮০/-	০১টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি; খ) অনুমোদিত ফায়ার প্রশিক্ষণ প্রতিষ্ঠান হইতে ৬ (মাস) মেয়াদী ফায়ার সেফটি ম্যানেজার কোর্স সনদপ্রাপ্ত; এবং গ) সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলী

- ১। nmi.gov.bd লিংক থেকে 'চাকরির আবেদন ফরম' ডাউনলোড করে আবেদনপত্রে সকল তথ্য উল্লেখ পূর্বক অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০ এর বরাবরে রেজিস্টার্ড ডাকযোগে আবেদন প্রেরণ করতে হবে। খামের উপর পদের নাম এবং আবেদনকারী যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে আগ্রহী সেই ঠিকানা স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করে ৯.৫ ইঞ্চি×৪.৫ ইঞ্চি আকারের ১টি খামে ২০/- (বিশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- ২। প্রার্থীর বয়স ০৫/০৩/২০২৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ১৮/১১/২০২৪ তারিখে গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন অনুযায়ী ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৩। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং সকল শিক্ষা সনদপত্রের ফটোকপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি রঙিন ছবি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে) ইত্যাদি সংযুক্ত করতে হবে।
- ৪। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে)।
- ৫। মৌখিক পরীক্ষায় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতাসহ সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৭। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ১৩/০৪/২০২৬খ্রি। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।।
- ৮। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৪ তারিখের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ এর মাধ্যমে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোটা নির্ধারণ করা হবে।
- ৯। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান হলে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। তাছাড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটা প্রার্থীদের ক্ষেত্রেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১০। প্রার্থীদেরকে আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা এ চালানের মাধ্যমে (১৫২০২০৬১৩২৩৩১-১১০০০০০০০-১১০০১০০০-১৪৪১২৯৯ অন্যান্য আদায় নং কোডের বিপরীতে) Principal, National Maritime Institute, Chattogram এর অনুকূলে যেকোন ব্যাংকে জমা করে এ চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে পোস্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হলে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
- ১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


০৫.০৩.২০২৬

ক্যাপ্টেন আতাউর রহমান
অধ্যক্ষ।